



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৬৮৯

তারিখ : ০৮/০৬/২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশস্থ JICA প্রধান ঢাকা ওয়াসা পরিদর্শন করলেন



০৭ জুন ২০২২ তারিখ বাংলাদেশস্থ JICA (জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি) প্রধান প্রতিনিধি **MR HAYAKAWA YUHO** ঢাকা ওয়াসা পরিদর্শন করেন। ঢাকা ওয়াসা'র ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান ফুল দিয়ে JICA প্রধানকে ঢাকা ওয়াসায় স্বাগত জানান। পরে ঢাকা ওয়াসা কনফারেন্স কক্ষে JICA প্রধান ঢাকা ওয়াসার সাথে উন্মুক্ত ও খোলামেলা আলোচনা করেন। এ পর্যায়ে ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক 'যুগে দাঁড়াও ঢাকা ওয়াসা কর্মসূচী'র আলোকে প্রাপ্ত সাফল্য/অর্জনগুলো সম্পর্কে JICA প্রধান কে অবহিত করেন। সেগুলি হ'লঃ ঢাকা শহরের পানি সরবরাহে DMA (District Metered Area) স্থাপন করে স্মার্ট পানি সরবরাহ ব্যবস্থাপনায় ঢাকা ওয়াসা অভূতপূর্ব সাফল্য অর্জন করে দক্ষিণ-পূর্ব এশিয়ায় রোল মডেল হিসেবে বিবেচিত হয়েছে। DMA এলাকায় প্রেসারাইজড সিস্টেমে ২৪/৭ পানি সরবরাহ করা সম্ভব হয়েছে এবং জরাজীর্ণ পানির লাইন পরিবর্তন করায় পানির গুণগত মান অধিক উন্নততর হয়েছে। ঢাকা ওয়াসা সিস্টেম লস NRW (None Revenue Water) ৪০% (২০১০) হতে কমে ২০% (২০১৬)-এ নামিয়ে এনেছে এবং DMA এলাকায় সিস্টেম লস ৫% এ কমিয়ে দক্ষিণ-পূর্ব এশিয়ায় দৃষ্টান্ত স্থাপন করেছে। বর্তমানে ২৪৫-২৫০ কোটি লিটার পানির চাহিদার বিপরীতে ২৬০-২৬৫ কোটি লিটার পানি উৎপাদনের সক্ষমতা অর্জন করেছে। স্বল্প আয়ের জনগোষ্ঠী (LIC)/বস্তি এলাকায় ২০২২ সালের ডিসেম্বরের মধ্যে পানি সুবিধা ১০০% উন্নীত করলে নিরলসভাবে কাজ করে Sustainable Development Goal (SDG) অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমানে ই-সেবায় যুগান্তকারী পদক্ষেপ হিসাবে ই-বিলিং, ই-জিপি, ই-পানি ও পয়ঃ সংযোগ, ই-নথি এবং ই-রিভ্রুটমেন্ট করে ডিজিটাল ঢাকা ওয়াসায় রূপান্তরিত হয়েছে।

এছাড়া, পানির পাম্প SCADA (Supervisory Control & Data Acquisition) স্থাপন করে ওয়েব ও মোবাইল অ্যাপ দ্বারা কোন পাম্প অপারেটর ছাড়াই গভীর নলকূপের অপারেশন, কন্ট্রোল ও মনিটরিং এর কার্যক্রম পরিচালনা করে ঢাকা ওয়াসার পরিচালন ব্যয় কমিয়ে দৃষ্টান্ত স্থাপন করেছে। ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ওয়াসার প্রকল্পগুলো সম্পর্কেও একটি সংক্ষিপ্ত বর্ণনা দেন।

আলোচনায় ঢাকা ওয়াসা JICA এর অর্থায়নে চলমান ও ভবিষ্যৎ প্রকল্পগুলো নিয়ে বিস্তারিত মতবিনিময় হয়। JICA প্রধান ঢাকা ওয়াসার বর্তমান কর্মকান্ড নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন এবং ভবিষ্যতে আর্থিক সহায়তা ছাড়াও কারিগরী বিষয়ে JICA সহায়তা দিবেন বলে আশ্বস্ত করেন।

অনুষ্ঠানে ঢাকা ওয়াসা'র উর্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।